

# প্রথম আলো

## পাসে বরিশাল এগিয়ে, পিছিয়ে দিনাজপুর

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

১৯ জুলাই ২০১৮, ১৭:১৯

আপডেট: ১৯ জুলাই ২০১৮, ১৭:৩২



আটটি সাধারণ শিক্ষাবোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষায় এবার পাসের হারে সবচেয়ে এগিয়ে বরিশাল শিক্ষাবোর্ড। বরিশাল নগরের সরকারি মহিলা কলেজ থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের উচ্চাস। ছবি: সাইয়ান

আটটি সাধারণ শিক্ষাবোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষায় এবার পাসের  সবচেয়ে এগিয়ে আছে বারশাল শিক্ষাবোর্ড। এই বোর্ডে পাসের হার

আজ বৃহস্পতিবার এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ হয়। দুপুরে সচিবালয়ে সংবাদ সম্মেলন করে ফলাফলের বিস্তারিত তথ্য তুলে ধরেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এরপর শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ফলাফল প্রকাশ করা হয়। এর আগে সকালে গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ফলাফলে অনুলিপি তুলে দেওয়া হয়।

এ বছর আটটি শিক্ষাবোর্ডের অধীনে গড় পাসের হার ৬৪ দশমিক ৫৫ শতাংশ। পাসের হার গতবারের চেয়ে ২ দশমিক ২৯ শতাংশ কমেছে।

এবার ঢাকা শিক্ষাবোর্ডে পাসের হার ৬৬ দশমিক ১৩ শতাংশ, রাজশাহীতে ৬৬ দশমিক ৫১ শতাংশ, কুমিল্লায় ৬৫ দশমিক ৪২ শতাংশ, যশোরে ৬০ দশমিক ৪০ শতাংশ, চট্টগ্রামে ৬২ দশমিক ৭৩ শতাংশ এবং সিলেট শিক্ষাবোর্ডে পাসের হার ৬২ দশমিক ১১ শতাংশ।

© স্বত্ত্ব প্রথম আলো ১৯৯৮ - ২০১৮

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

সি.এ. ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম অ্যাভেনিউ, কারওয়ান বাজার, ঢাকা ১২১৫

ফোন : ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্স : ৯১৩০৪৯৬, ইমেইল : [info@prothom-alobd.com](mailto:info@prothom-alobd.com)